

ক) বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন (বিএনসিইউ) এর উল্লেখযোগ্য অর্জন/সম্পাদিত কার্যাবলি (২০২০-২০২১ অর্থবছর)

১। UNESCO Future of Education Initiative 2050 শীর্ষক কার্যক্রমের জন্য ফোকাস গ্রুপ ডিসকাশন আয়োজন (নভেম্বর ২০২০- জানুয়ারি ২০২১)

২০৫০ সালের শিক্ষা ব্যবস্থাকে শিক্ষার্থী, শিক্ষক এবং অভিভাবকবৃন্দ কিভাবে দেখতে চান সেই প্রেক্ষিতে ইউনেস্কোর আহ্বানে এই ফোকাস গ্রুপ ডিসকাশন কর্মসূচি পরিচালনা করা হয়। বিশ্বের বিভিন্ন দেশ থেকে এএসপিনেটভুক্ত সদস্যবৃন্দ এই কর্মসূচীতে অংশগ্রহণ করেন। বাংলাদেশ থেকে ৪টি ফোকাস গ্রুপ ডিসকাশন আয়োজন করা হয় এবং সংগৃহীত তথ্য ইউনেস্কোতে প্রেরণ করা হয়। পরবর্তীতে এই তথ্যের ওপর ভিত্তি করে ইউনেস্কো বিভিন্ন আন্তর্জাতিক ওয়েবিনার আয়োজন করে যাচ্ছে যাতে বাংলাদেশ থেকে শিক্ষক এবং শিক্ষার্থীরা বিএনসিইউ'র সহযোগিতায় অংশগ্রহণ করেছে।

২। ২০২০ সালের মার্চ মাস থেকে করোনা অতিমারী বিশ্বব্যাপী ছড়িয়ে পড়তে শুরু করে। দুর্ভাগ্যজনকভাবে বাংলাদেশেও তার আঘাত এসে লাগে। এরকম পরিস্থিতি উভ্রুত হওয়ার প্রায় সাথে সাথেই আইসেস্কো ও মিস্ক ফাউন্ডেশন বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনের সার্বিক সহযোগিতায় “ICESCO Kit for Creators of Educational Content” নামক প্রোগ্রামের অধীনে অনলাইনে শ্রেণী কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজনীয় ডিজিটাল শিক্ষা উপকরণ এবং “Medical and Socio-educational Caravans-Case of the Coronavirus” নামক প্রোগ্রামের অধীনে মেডিকেল ও হাইজিন পণ্য প্রদান করে।

মিস্ক ফাউন্ডেশনের সহায়তায় আইসেস্কো তার সদস্য রাষ্ট্রসমূহের দূরশিক্ষা কার্যক্রম চলমান রাখার জন্য যে ডিজিটাল শিক্ষা উপকরণসমূহ প্রদান করেছে তার মধ্যে রয়েছে ল্যাপটপ, অডিও ভিডিও কনফারেন্সিং ক্যাম, মাইক্রোফোন, স্পিকার এবং ভিডিও এডিটিং সফটওয়্যার। এই উপকরণসমূহ দেশের ৮টি বিভাগের পার্বত্য, বরেন্দ্র, হাওড় ও নদীবিহীত অঞ্চলের সরকারি, বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়, কলেজ ও মাদ্রাসাসহ ৩৯ টি শিক্ষা প্রতিষ্ঠানের মাঝে বিতরণ করা হয়।

স্বাস্থ্যবুঁকি মোকাবেলায় আইসেস্কো ও আল ওয়ালিদ ফিলাত্রিপিস প্রদত্ত হাইজিন পণ্যসমূহ যেমন পরিচ্ছন্নতা সামগ্রী ও স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী সরকারি-বেসরকারি এতিমখানা, বয়স্ক ও মহিলা পুনর্বাসন কেন্দ্র, প্রতিবন্ধী পুনর্বাসন কেন্দ্র, কমিউনিটি ক্লিনিক ও হাসপাতাল সহ ১১টি প্রতিষ্ঠানে বিতরণ করা হয়। তার সাথে এই প্রোগ্রামের আওতায় বিভিন্ন মেডিকেল সামগ্রী যেমন ইনফ্রারেড থার্মোমিটার, পিপিই, অন্যান্য প্রয়োজনীয় স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী ও বিভিন্ন মেডিসিন আক্রান্তের হার অধিক বিবেচনায় ঢাকা ও চট্টগ্রামের ৭০ টি কমিউনিটি ক্লিনিক ও সরকারি কর্মচারি হাসপাতালে প্রদান করার উদ্যোগ গ্রহণ করা হয়। ২৪-২৬ ডিসেম্বর ২০২০ সালে এ বিতরণ কার্যক্রম সম্পন্ন করা হয়। মাননীয় শিক্ষা মন্ত্রী ডা. দীপু মনি এম.পি. অনলাইনে এ কার্যক্রমের উদ্বোধন ঘোষণা করেন। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব জনাব মোঃ মাহবুব হোসেন অনুষ্ঠানে উপস্থিত থেকে শিক্ষা উপকরণ প্রদান করেন। উল্লেখ্য, শুরু থেকেই এই সামগ্রিক কার্যক্রম পরিচালনা ও বাস্তবায়ন করে বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।



চিত্রঃ শিক্ষা উপকরণ বিতরণ অনলাইন উদ্বোধনী প্রোগ্রামে মাননীয় শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি এম.পি.



চিত্রঃ শিক্ষা উপকরণ বিতরণ করছেন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব জনাব মোঃ মাহবুব হোসেন

৩। আন্তর্জাতিক শিক্ষা দিবস-২০২১ পালনঃ

২৪ জানুয়ারি ২০২১ তারিখ বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনের উদ্যোগে আন্তর্জাতিক শিক্ষা দিবস-২০২১ পালিত হয়। দিবসটি পালন উপলক্ষ্যে 'কোভিড-১৯ প্রজন্মের জন্য শিক্ষা পুনরুদ্ধার ও পুনরুজ্জীবিতকরণ' শীর্ষক এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন বিশিষ্ট অর্থনীতিবিদ এবং বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্ণর ড. মোহাম্মদ ফরাসউদ্দিন। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং সেক্রেটারি জেনারেল, বিএনসিইউর সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ডা. দীপু মনি এম.পি. এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় উপমন্ত্রী জনাব মহিবুল হাসান চৌধুরী এম.পি.। শারীরিক উপস্থিতি এবং ভার্চুয়াল উভয় মাধ্যম ব্যবহার করে অনুষ্ঠিত এ সভায় শিক্ষা সংশ্লিষ্ট বিভিন্ন দণ্ডর/প্রতিষ্ঠানের প্রতিনিধিবৃন্দ বিএনসিইউর সভাকক্ষে উপস্থিত ছিলেন।



চিত্রঃ আন্তর্জাতিক শিক্ষা দিবস-২০২১ আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে ভার্চুয়াল মাধ্যমে উপস্থিত ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ডা. দীপু মনি এম.পি.।



চিত্রঃ আন্তর্জাতিক শিক্ষা দিবস-২০২১ আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে ভার্চুয়াল মাধ্যমে উপস্থিত ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় উপমন্ত্রী জনাব মহিবুল হাসান চৌধুরী এম.পি.



চিত্রঃ আন্তর্জাতিক শিক্ষা দিবস-২০২১ আলোচনা সভায় উপস্থিত ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব জনাব মোঃ মাহবুব হোসেন

৪। ইউনেস্কো-বাংলাদেশ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ইন্টারন্যাশনাল প্রাইজ ফর ক্রিয়েটিভ ইকোনমি ২০২১ প্রবর্তনঃ

গত ২০-২৭ জানুয়ারি ২০২১ তারিখে অনুষ্ঠিত ইউনেস্কো নির্বাহী বোর্ডসভার ২১০তম অধিবেশনের সিদ্ধান্ত অনুসারে (210 Ex/15) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নামে ইউনেস্কো-বাংলাদেশ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ইন্টারন্যাশনাল প্রাইজ ফর ক্রিয়েটিভ ইকোনমি প্রবর্তিত হয়। সৃষ্টিশীল অর্থনীতি বিকাশে উদ্যোগী প্রকল্প/কর্মসূচি বাস্তবায়নের মাধ্যমে বিশেষ অবদানের জন্য ব্যক্তি/প্রতিষ্ঠান/সরকারি-বেসরকারি সংস্থা এই পুরস্কারের জন্য আবেদন করতে পারবে। ইউনেস্কোর সকল সদস্যরাষ্ট্র থেকে প্রাণ্ড মনোনয়ন ইউনেস্কো কর্তৃক গঠিত একটি আন্তর্জাতিক জুরি বোর্ডের মাধ্যমে মূল্যায়ন করে বিজয়ী নির্ধারণ করা হবে। পুরস্কার বিজয়ীকে এ বছরের শেষে নভেম্বর মাসে অনুষ্ঠিয়ে ইউনেস্কো সাধারণ সভার ৪১তম অধিবেশন চলাকালে ইউনেস্কো সদর দপ্তর প্যারিসে এক অনুষ্ঠানের মাধ্যমে ৫০,০০০(পঞ্চাশ হাজার) মার্কিন ডলার প্রদান করা হবে।

বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন (বিএনসিইউ) এর ডেপুটি সেক্রেটারি জেনারেল জনাব মোঃ সোহেল ইমাম খানের উদ্যোগে ২৯ জুন ২০২১ তারিখে ইউনেস্কো-বাংলাদেশ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ইন্টারন্যাশনাল প্রাইজ ফর ক্রিয়েটিভ ইকোনমি এর আওতায় পুরস্কারের জন্য প্রস্তাব আহ্বান করে দৈনিক সমকাল এবং দৈনিক যুগান্তর এবং ৩০ জুন দি ফাইনান্সিয়াল এক্সপ্রেসে বিজ্ঞাপন প্রচার করে। এছাড়া বিটিভি, ৭১ টেলিভিশন, চ্যানেল আই এবং দেশ টিভিসহ অন্যান্য বেসরকারি টেলিভিশন তাদের প্রাইম টাইম সংবাদে এবং স্ক্রেলে পুরস্কার সম্পর্কিত সংবাদ প্রচার করে। বিএনসিইউ, শিক্ষা মন্ত্রণালয়, জনপ্রশাসন মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, বাংলাদেশ চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর,

সামদানী আর্ট ফাউন্ডেশনসহ সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠানের ওয়েবসাইটে পুরস্কার সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রচারের ব্যবস্থা করা হয়। মাননীয় শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি এম.পি. বাছাই কমিটির আহ্বায়ক হয়ে পরবর্তীতে এ সংক্রান্ত সভা ও অন্যান্য কার্যক্রমের নেতৃত্ব প্রদান করবেন। সর্বোপরি, বিটিআরসির সহযোগিতায় বিভিন্ন মোবাইল অপারেটরদের মাধ্যমে লক্ষ লক্ষ গ্রাহকের কাছে ক্ষুদে বার্তার মাধ্যমে পুরস্কার সংক্রান্ত সংবাদ প্রচার করা হয়।

৫। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী (মুজিববর্ষ) উদযাপন উপলক্ষ্যে ইউনেস্কোর ASPnet (Associated School Project Network) এর অন্তর্ভুক্ত ঢাকার ৪০টি স্কুলের শিক্ষার্থীদের নিয়ে রচনা প্রতিযোগিতা আয়োজন (ফেব্রুয়ারি ২০২১):

শিশু-কিশোরদের মধ্যে বঙ্গবন্ধুর চেতনার বিকাশ এবং তারা যাতে বঙ্গবন্ধুকে আরও নিবিড়ভাবে জানতে পারে সে লক্ষ্যে বঙ্গবন্ধুর জন্মশতবর্ষে বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন শিক্ষার্থীদের নিয়ে রচনা প্রতিযোগিতা আয়োজন করে। ষষ্ঠি-অষ্টম শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীরা ('ক' গ্রুপ) 'বঙ্গবন্ধুর স্বপ্ন ও আগামীর বাংলাদেশ', নবম-দশম শ্রেণির শিক্ষার্থীরা ('খ' গ্রুপ) 'নেতৃত্বের গুণাবলী বিকাশে বঙ্গবন্ধুর চেতনা' ('খ' গ্রুপ) এবং একাদশ-দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীরা ('গ' গ্রুপ) 'বাঙালি জাতিসভার স্ফূরণ ও বঙ্গবন্ধু' শীর্ষক বিষয়ে অনলাইন ভিত্তিক এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থানের পাশাপাশি অংশগ্রহণকৃত সকল শিক্ষার্থীকে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ বিষয়ক বই এবং সার্টিফিকেট পুরস্কার প্রদান করা হয়েছে। চলমান কোভিড ১৯ পরিস্থিতি বিবেচনায় শিক্ষার্থীদের উক্ত অনুষ্ঠানে আমন্ত্রণ জানানো হয়নি। বিএনসিইউ এর ডেপুটি সেক্রেটারি জেনারেল, জনাব মোঃ সোহেল ইমাম খান উক্ত অনুষ্ঠানে অংশগ্রহণকারী শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকবৃন্দের নিকট পুরস্কার তুলে দেন।



চিত্রঃ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী (মুজিববর্ষ) উদযাপন উপলক্ষ্যে ইউনেস্কোর ASPnet (Associated School Project Network) এর অন্তর্ভুক্ত ঢাকার ৪০টি স্কুলের শিক্ষার্থীদের নিয়ে রচনা প্রতিযোগিতার পুরস্কার বিতরণ।




চিত্রঃ রচনা প্রতিযোগিতার পুরস্কার বিতরণ।

৬। ই-৯ মন্ত্রী পর্যায়ের সভা আয়োজনঃ

০৬ এপ্রিল ২০২১ তারিখ জাতিসংঘ, ইউনেস্কো এবং বাংলাদেশের যৌথ উদ্যোগে E-9 initiative: Scaling up digital learning to accelerate progress towards SDG4 Consultation meeting of Ministers of Education শীর্ষক মন্ত্রী পর্যায়ের ভার্চুয়াল সভা অনুষ্ঠিত হয়। E-9 ফোরামের সভাপতি হিসেবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ডা. দীপু মনি এম.পি. বর্ণিত সভায় সভাপতিত্ব করেন। মাননীয় শিক্ষামন্ত্রীর নেতৃত্বে ১২ সদস্যের বাংলাদেশ প্রতিনিধিদল সভায় অংশগ্রহণ করেন। বিশ্বের ৯ টি জনবহুল দেশ (বাংলাদেশ, ব্রাজিল, চীন, মিশর, ভারত, ইন্দোনেশিয়া, মেক্সিকো, নাইজেরিয়া এবং পাকিস্তান) এর সমন্বয়ে গঠিত ই-৯ ফোরামের বর্ণিত মন্ত্রী পর্যায়ের সভায় দেশসমূহের শিক্ষামন্ত্রী/উপমন্ত্রীবর্গের নেতৃত্বে উচ্চ পর্যায়ের কর্মকর্তাবৃন্দ, জাতিসংঘের এডিজি, ইউনেস্কোর এডিজি এবং ইউনিসেফসহ বিভিন্ন উন্নয়ন সংস্থার প্রধানগণ অংশগ্রহণ করেন। উল্লেখ্য, বর্ণিত আয়োজনে মন্ত্রী পর্যায়ের রাউন্ড টেবিল ও পার্টনারস রাউন্ড টেবিল সভা এবং প্রশ্ন উত্তর পর্বের পাশাপাশি ১১টি ব্রেক আউট সেশনের মাধ্যমে ডিজিটাল লার্নিং এর সাথে সম্পৃক্ত বিভিন্ন প্রতিষ্ঠান অনলাইন প্রদর্শনীর মাধ্যমে তাদের সেবাসমূহ সম্পর্কে বিস্তারিতভাবে তুলে ধরে।

৭। ইউনেস্কো নির্বাহী বোর্ডের ২১১তম অধিবেশন ৭-১১ এপ্রিল ২০২১ তারিখে ইউনেস্কোর সদর দপ্তর প্যারিসে অনুষ্ঠিত হয়। উক্ত অধিবেশনে প্যারিসস্থ বাংলাদেশ মিশনের প্রধান মান্যবর রাষ্ট্রদূত কাজী ইমতিয়াজ হোসাইন এবং ইউনেস্কো নির্বাহী বোর্ড সভায় বাংলাদেশ প্রতিনিধি বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব কবি তারিক সুজাত অংশগ্রহণ করেন।



চিত্রঃ অনলাইনে প্লেনারি সভায় অংশগ্রহণ

৮। ইউনেক্সো পার্টিসিপেশন প্রোগ্রাম ২০২০-২০২১ এর অধীনে বাংলাদেশ থেকে প্রেরিত ৭টি প্রকল্পের মধ্যে ইউনেক্সো ৬টি প্রকল্পে অর্থায়ন করেছে। প্রথম ধাপে ৪টি এবং ২য় ধাপে ২টি প্রকল্প অনুমোদিত হয়। অনুমোদিত প্রকল্পসমূহের ১ম কিঞ্চিৎ অর্থ (৮০%) ছাড় করা হয়েছে। প্রকল্পসমূহের কাজ বাস্তবায়নাধীন রয়েছে।
প্রকল্পসমূহ হল-

1. ELT Training Curriculum and Training Manual Development
 2. Underwater documentation of St. Martin's Island with especial emphasis on coral population
 3. Providing Cultural Appropriate Training on Physical-Mental and Motivational Support for the Disabled Children
 4. Disseminating UNESCO Priorities among students of Secondary Schools through promotion of Global Citizenship Education
 5. Promoting tolerance, culture, ethics, norms and values among the students and teachers
 6. Study of Diversity, Utilization and Conservation of Lotus from Bangladesh



চিত্রঃ প্রোজেক্টের চেক প্রদান অনুষ্ঠানে বিএনসিইউ'র ডেপুটি সেক্রেটারি জেনারেল জনাব মোঃ সোহেল ইমাম খান।

৯। বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনের উদ্যোগে গত ১৬ জুন ২০২১ তারিখে 'বাংলাদেশের সাংস্কৃতিক ঐতিহ্য প্রসঙ্গে' শীর্ষক একটি সেমিনার আয়োজন করা হয়। এর মূল উপজীব্য ছিল বাংলাদেশের সাংস্কৃতিক তথ্য অপরিমেয় সাংস্কৃতিক ঐতিহ্যের ধরণ, ঐতিহাসিক পটভূমি ও জাতিগোষ্ঠীভেদে এর বৈচিত্র্য। এতে মূল বক্তা হিসেবে উপস্থিত ছিলেন একুশে পদকপ্রাপ্ত কবি ও বাংলা একাডেমির মহাপরিচালক জনাব মুহম্মদ নূরুল হুদা। সেমিনারে সভাপতিত্ব করেন বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনের ডেপুটি সেক্রেটারি জেনারেল জনাব মোঃ সোহেল ইমাম খান। সংশ্লিষ্ট অংশীজনদের উপস্থিতিতে মূল বক্তা ও আলোচকগণ সংস্কৃতি সংক্রান্ত ইউনেস্কার ২০০৩ ও ২০০৫ কনভেনশনসমূহের আলোকে বাংলাদেশের লোক সংস্কৃতির অতীত অবস্থা ও ভবিষ্যৎ সম্ভাবনার বিভিন্ন দিক নিয়ে বিস্তারিত আলোচনা করেন।



চিত্রঃ সেমিনারে উপস্থিত বাংলা একাডেমির মহাপরিচালক জনাব মুহম্মদ নূরুল হুদা

১০। UNESCO/ISEDC Co-Sponsored Fellowship Programme 2020 এর জন্য জনাব ঘীর কাশেম বৈজ্ঞানিক কর্মকর্তা, Bangladesh Oceanographic Research Institute (BORI) Ministry of Science & Technology চূড়ান্তভাবে নির্বাচিত হয়েছিলেন।

১১। L'OREAL-UNESCO Awards For Women in Life Science-2020 এর জন্য ডাঃ ফেরদৌসি কাদরী, ভারপ্রাপ্ত সিনিয়র পরিচালক, আইসিসিডিআরবি চূড়ান্তভাবে নির্বাচিত হয়েছিলেন।

১২। UNESCO King Hamad Bin Isha AL-Khalifa Prize for the Use Information and Communication Technologies (ICTs) in Education 2020- এর জন্য প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল চূড়ান্তভাবে নির্বাচিত হয়েছিল।

১৩। কোভিডকালীন বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনের অংশগ্রহণকৃত উল্লেখ্যযোগ্য কয়েকটি সভার
বিবরণীঃ

সভার শিরোনাম ও আয়োজক	সভা অনুষ্ঠানের তারিখ	অংশগ্রহণকারী
High Level Political Forum-HLPF এর পার্শ্ব ইভেন্ট হিসেবে এসডিজি এডুকেশন ২০৩০ স্টিয়ারিং কমিটির “Education post-COVID 19” শীর্ষক ভার্চুয়াল সভায় অংশগ্রহণ। জাতিসংঘ	৯ জুলাই ২০২০	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
“Extraordinary session of the 2020 Global Education Meeting” ইউনেস্কো, যুক্তরাজ্য, ধানা ও নরওয়ে যৌথভাবে	২০ ও ২২ অক্টোবর ২০২০	মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়
এসডিজি এডুকেশন ২০৩০ স্টিয়ারিং কমিটির অনলাইন সভায় অংশগ্রহণ। ইউনেস্কো	১৪ জানুয়ারি ২০২১	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
ই-৯ ফোরামের মন্ত্রী পর্যায়ের ভার্চুয়াল সভা আয়োজনের লক্ষ্যে জাতিসংঘের ডেপুটি সেক্রেটারি জেনারেল এর সাথে সভা। জাতিসংঘ, ইউনেস্কো, প্যারিসঞ্চ বাংলাদেশ দূতাবাস	২৯ মার্চ ২০২১	মাননীয় শিক্ষামন্ত্রীর নেতৃত্বে ৬ সদস্যের বাংলাদেশ প্রতিনিধিদল
মাননীয় শিক্ষামন্ত্রীর সাথে জাতিসংঘের ডেপুটি সেক্রেটারি জেনারেল এর মধ্যকার ফলো-আপ সভা। জাতিসংঘ, ইউনেস্কো, প্যারিসঞ্চ বাংলাদেশ দূতাবাস	২৬ এপ্রিল ২০২১	মাননীয় শিক্ষামন্ত্রীর নেতৃত্বে ৬ সদস্যের বাংলাদেশ প্রতিনিধিদল
ইউনেস্কো মহাত্মা গান্ধী ইনসিটিউট অব এডুকেশন ফর পিস এন্ড সাসটেইনেবিলিটি (MGIEP) কর্তৃক আয়োজিত “Talking Across Generations on Reimagining Education” শীর্ষক সরাসরি সংলাপে মাননীয় শিক্ষামন্ত্রীর অংশগ্রহণ। MGIEP, ইন্ডিয়া	১০ মে ২০২১	মাননীয় শিক্ষামন্ত্রী

খ) ২০২০-২০২১ অর্থবছরে গৃহীত বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন (বিএনসিইউ) এর চলমান কার্যাবলি:

- ১) ইউনেস্কো পার্টিসিপেশন প্রোগ্রাম ২০২০-২০২১ এর অধীনে বাংলাদেশ থেকে প্রেরিত ৭টি প্রকল্পের মধ্যে ইউনেস্কো ৬টি প্রকল্পে অর্থায়ন করেছে। প্রথম ধাপে ৪টি এবং ২য় ধাপে ২টি প্রকল্প অনুমোদিত হয়। অনুমোদিত প্রকল্পসমূহের ১ম কিঞ্চিৎ অর্থ (৮০%) ছাড় করা হয়েছে। প্রকল্পসমূহের কাজ বাস্তবায়নাধীন রয়েছে।
- ২) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী (মুজিববর্ষ) উদযাপন উপলক্ষ্যে ইউনেস্কোর ASPnet (Associated School Project Network) এর অন্তর্ভুক্ত ঢাকার ৪০টি স্কুলের শিক্ষার্থীদের নিয়ে বিভিন্ন প্রতিযোগিতা আয়োজন।

গ) বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন (বিএনসিইউ) এর ২০২০- ২০২১ অর্থবছরে গৃহীত কিন্তু ভবিষ্যত সম্পর্কীত তথ্য কর্ম পরিকল্পনার বিবরণ: উপরে বিবরণ সংযুক্ত

ঘ) প্রতিবেদনে প্রকাশযোগ্য গুরুত্বপূর্ণ ছবি: উপরে বিবরণের সাথে সংযুক্ত